

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
পুট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

স্মারক নং-৪৬.১০.০০০০.০২৯.০০.১০৬.২০২৬

তারিখঃ ১১ চৈত্র ১৪৩২
২৫ মার্চ ২০২৬

বিষয়ঃ গ্লোবাল ফান্ডের অর্থায়নে এবং স্বাস্থ্য অধিদপ্তরের তত্ত্বাবধানে “Climate Change & Health” প্রকল্প বাস্তবায়নে “Operation Clean Home; Healthy Lives” শীর্ষক ক্যাম্পেইন পরিচালনা প্রসঙ্গে।

সূত্রঃ ব্র্যাক কর্তৃক ১৬ ডিসেম্বর ২০২৫ ইং তারিখের প্রেরিত পত্র।

- ১। উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের জন্য স্বাস্থ্যগত ঝুঁকি মোকাবেলা এবং মানুষের স্বাস্থ্য এবং জীবনযাত্রার মানোন্নয়নে বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা সম্মিলিতভাবে কাজ করে যাচ্ছে। ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি গ্লোবাল ফান্ডের আর্থিক সহায়তায় এবং NMEP, CDC ও স্বাস্থ্য অধিদপ্তরের তত্ত্বাবধানে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ডেঙ্গু নিয়ন্ত্রনে ইতিমধ্যে “জলবায়ু পরিবর্তন ও স্বাস্থ্য” নামক উক্ত প্রকল্পের ১ম পর্যায়ের ৩৪টি, ২য় পর্যায়ের ৩৪টি এবং ৩য় পর্যায়ের আরও ১৪টি “Operation Clean Home; Healthy Lives” ক্যাম্পেইন পরিচালনা করেছে। এছাড়া বর্ণিত কর্মসূচির অংশ হিসেবে ওয়ার্ড নং- ০৫, ১৯ ও ৩৩ এ প্রাক কীটতাত্ত্বিক জরিপ, ইন্টারভেনশন ও কীটতাত্ত্বিক উত্তর জরিপ পরিচালনা করা হয়েছে।
- ২। এরই ধরাবাহিকতায় এ প্রকল্পের অধীনে এবছর মশাবাহিত রোগ (ডেঙ্গু, চিকুনগুনিয়া) বিষয়ে জনসচেতনতা সৃষ্টি এবং ডেঙ্গু ঝুঁকিপূর্ণ ডিএনসিসি এর ওয়ার্ড সমূহে মশার উৎপত্তিস্থল দূরীকরণে Operation Clean Home: Healthy Lives কর্মসূচি পুনরায় পরিচালনা করা হবে। এ পর্যায়ে সর্বশেষ প্রাকবর্ষা মৌসুমে জরিপ এ প্রাপ্ত ডিএনসিসি এর ঝুঁকিপূর্ণ ১০টি ওয়ার্ডে সংযুক্ত পরিকল্পনা অনুযায়ী ২০টি ক্যাম্পেইন পরিচালনা করা হবে।
- ৩। এই কর্মসূচি সিটি কর্পোরেশন এলাকায় মশার উৎপত্তিস্থল দূরীকরণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে মানুষের স্বাস্থ্যঝুঁকি কমাতে সাহায্য করবে। এমতাবস্থায়, বর্ণিত কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি- ঝুঁকিপূর্ণ ওয়ার্ড এর তালিকা ও ক্যাম্পেইন এর সময়সূচী- ০১ (এক) কপি।

সহকারী স্বাস্থ্য কর্মকর্তা
অঞ্চল-২, ৩, ৪ ও ৫
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

ব্রিগে: জেনারেল ইমরুল কায়েস চৌধুরী
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোন-০২২২২২২৯৪০৮৯
ই-মেইল- cho@dncc.gov.bd
তারিখঃ ২৫/০৩/২০২৬ খ্রিঃ

স্মারকনং-৪৬.১০.০০০০.০২৯.০০.১০৬.২০২৬

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-২, ৩, ৪ ও ৫, ডিএনসিসি
- ৪। মাননীয় প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
(মাননীয় প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
(প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ৭। ডা. আস-সাবা হোসেন, প্রকল্প ব্যবস্থাপক, জলবায়ু পরিবর্তন ও স্বাস্থ্য প্রকল্প, ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি
- ৮। অফিস কপি

উপ-প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।